



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র: ১৬(৬৯৫)জাতী:বি:/রেজি:/একা:/৩০৭০

তারিখ: /০৪/২০১৬

“২০১৩-১৪ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তি”

ওয়েব সাইট: www.nu.edu.bd
ই-মেইল : mf@nubd.info

১। রেজিস্ট্রেশনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৩ সনে অথবা তৎপূর্বে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) নিয়মিত পরীক্ষায় নূন্যতম ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থী রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

অথবা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সন অথবা তৎপূর্বে ৩ বছর মেয়াদী স্নাতক (পাস)/ ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী/৩বছর মেয়াদী (সম্মান)/৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রীসহ মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) অনু:১(ক) এর শর্ত পূরণ সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ এবং উত্তম আচরণের প্রত্যয়ন সাপেক্ষে কারাবন্দীগণ উক্ত প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) অনু:১(ক) এর শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে বিভাগীয় প্রধানের অনুমতিক্রমে উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

২। নির্ধারিত বিষয় : বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবি, ইসলামী শিক্ষা, সংস্কৃত, পালি, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স এন্ড ব্যাংকিং এবং মার্কেটিং বিষয়সমূহের মধ্যে স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর ১ম পর্ব কোর্সে পঠিত বিষয়েই আবেদন করা যাবে।

৩। সময়সূচী :

i) রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন করার ও আবেদনপত্রের প্রিন্টকপি নির্ধারিত ফিসহ কলেজে জমা দেয়ার তারিখ	:	১৮/০৪/২০১৬ থেকে ১০/০৫/২০১৬
ii) কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি/ভর্তি নিশ্চয়ন করার শেষ তারিখ	:২০১৬
iii) ভর্তি ফান্ডের টাকা নির্ধারিত হারে কলেজ কর্তৃক “সোনালী সেবা” এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় জমা দেয়ার তারিখ	:২০১৬ থেকে২০১৬
iv) আবেদন ফরম, ভর্তি বিবরণী ও আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক (মাস্টার্স) শাখায় জমা দেয়ার শেষ তারিখ	:২০১৬

৪। অনলাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও সময়সূচী :

ক) মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) কোর্সে আবেদনের জন্য প্রার্থী উল্লিখিত ওয়েব সাইটের মাধ্যমে ফরম পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রসিদ ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি PIN নম্বর সম্বলিত আবেদন ফরম প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ) আবেদন ফরমের ৩টি অংশ থাকবে যার ১ম অংশ বিশ্ববিদ্যালয়ের, ২য় অংশ কলেজের এবং ৩য় অংশ আবেদনকারীর। প্রিন্টকৃত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে কলেজ অধ্যক্ষ ও প্রার্থী স্বাক্ষর করবেন।

গ) আবেদনকারী প্রিন্টকৃত আবেদন ফরম, আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কলেজে জমা দিয়ে আবেদন ফরমের নিজে অংশ গ্রহণ করবেন।

ঘ) সংশ্লিষ্ট কলেজ প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থীর আবেদন অনলাইন থেকে ডাউনলোড করতে পারবে।

ঙ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে টেকনিক্যাল সহযোগিতা নিতে ই-মেইল mf@nubd.info এ যোগাযোগ করা যেতে পারে।

৫। মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি :

আবেদন ফি (শিক্ষার্থী প্রতি) : ৩০০/- (তিনশত) টাকা (সংশ্লিষ্ট কলেজের অংশ ১০০ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০ টাকা।)
রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) : ৮০০/- (আটশত) টাকা

৬। প্রয়োজনীয় কাগজপত্র (যা কলেজে জমা দিতে হবে) :

ক) এসএসসি/সম্মান, এইচএসসি/সম্মান, ডিগ্রী/সম্মান পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) স্নাতক (সম্মান) /স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব পাশের নম্বরপত্র/সনদপত্র ও রেজি:কার্ডের সত্যায়িত ফটোকপি।

গ) প্রিন্টকৃত আবেদন কপি কলেজে জমা দেয়ার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। কলেজ কর্তৃপক্ষের করণীয় :

ক) প্রতিটি বিষয়ে সিরিয়াল নম্বর ০১ থেকে শুরু হবে যা আবেদন ফরম ও রিসিভ অংশে একই হবে।

খ) নম্বরের ক্রম অনুযায়ী আবেদনপত্র ডাটা এন্ট্রির জন্য বিষয়ওয়ারী এক কপি কলেজে সংরক্ষিত রেখে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।

গ) ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা কলেজ কর্তৃপক্ষকে নিজ দায়িত্বে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সের ভর্তি বিষয়ক ওয়েব সাইটের মাধ্যমে User ID (কলেজ কোড) এবং Password ব্যবহার করে অন-লাইনে এন্ট্রি নিশ্চয়ন করতে হবে। User ID (কলেজ কোড) এবং Password স্ব স্ব কলেজে কলেজ প্রোফাইল থেকে সংগ্রহ করা যাবে।

ঘ) শুধুমাত্র কলেজ কর্তৃক নিশ্চয়নকৃত/এন্ট্রিকৃত শিক্ষার্থীদের অনলাইন থেকে বিষয়ওয়ারী শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন বিবরণী প্রিন্ট করা যাবে। প্রিন্টকৃত বিষয়ওয়ারী বিবরণীতে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত এক কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে।

ঙ) মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সের ভর্তি বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে On-line কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

চ) ভর্তিকৃত শিক্ষার্থীর হিসাব বিবরণী অন-লাইন থেকে প্রিন্ট করে এবং শিক্ষার্থীর আবেদন কপিসহ কাগজপত্র যাচাইপূর্বক কোর্স ও বিষয়ওয়ারী ক্রমানুযায়ী পৃথকভাবে প্যাকেট করে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

৮। আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি জমাদানের নিয়ম : সংশ্লিষ্ট কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট (www.nu.edu.bd) থেকে আবেদন ফি (২০০/- টাকা হারে) এবং রেজিস্ট্রেশন ফি (৮০০/- টাকা হারে) জমাদানের জন্য পৃথকভাবে দুটি Pay slip ডাউনলোড করবে। Pay slip দুটিতে যথাক্রমে ভর্তি ফান্ড ও রেজিস্ট্রেশন ফি খাতের হিসাব নম্বর উল্লেখপূর্বক মোট টাকার অংক লিখা থাকবে – প্রিন্টকপি নিয়ে “সোনালী সেবা” প্রদানকারী সোনালী ব্যাংকের যে কোন শাখায় নির্ধারিত সময়ের মধ্যে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মোঃ হুমায়ুন কবির, সহকারী সিস্টেম এনালিস্ট, ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৯। আবেদনকারীদের ভর্তি সংক্রান্ত সমস্যায় ০১৯৫৫০৭০২৯৭, ০১৯৫৫০৭০২৯৮, ০১৯৫৫০৭০২৯৯ ও ০১৯৬৬৮৯৪৭০৩ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১০। রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে শিক্ষার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবেন।

১১। মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) কোর্সের রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ পর্যন্ত। রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি বা নবায়ন করা হবে না।

১২। প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত কলেজের নাম ও কলেজ কোড :

ক্রম	কলেজ কোড	কলেজের নাম	ক্রম	কলেজ কোড	কলেজের নাম
১.	০১০১	সরকারী পি সি কলেজ, বাগেরহাট	৩১.	৫২০১	আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
২.	০৩২২	বি এল কলেজ, খুলনা	৩২.	৫৩০১	সরকারি সান্দত কলেজ, টাঙ্গাইল
৩.	০৫০১	এম এম কলেজ, যশোর	৩৩.	৫৪০১	নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী
৪.	১০০১	কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া	৩৪.	৫৫০১	ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর
৫.	১১০১	সরকারি বি.এম কলেজ, বরিশাল	৩৫.	৫৫১১	টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর
৬.	১৫০১	পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী	৩৬.	৫৬০১	সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ
৭.	১৬০১	বরগুনা সরকারি কলেজ, বরগুনা	৩৭.	৫৮০১	সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
৮.	১৭০১	এম.সি কলেজ, সিলেট	৩৮.	৬০০১	সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর
৯.	২০০১	মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার	৩৯.	৬১০১	সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ
১০.	২১০১	সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা	৪০.	৬২০৯	শামসুর রহমান কলেজ, শরিয়তপুর
১১.	২২০১	সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ	৪১.	৬৩০১	সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর
১২.	২৪০১	নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ	৪২.	৬৪০৮	ঢাকা সিটি কলেজ, ঢাকা
১৩.	২৫০১	রাজশাহী কলেজ, রাজশাহী	৪৩.	৬৪১০	নিউ মডেল কলেজ, ঢাকা
১৪.	২৭০১	সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া	৪৪.	৬৪১৬	সিন্ধেশ্বরী কলেজ, ঢাকা
১৫.	৩২০১	কারমাইকেল কলেজ, রংপুর	৪৫.	৬৪১৯	ঢাকা কলেজ, ঢাকা
১৬.	৩৪০১	দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর	৪৬.	৬৪২০	সরকারি বাঙলা কলেজ, ঢাকা
১৭.	৩৭০১	ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা	৪৭.	৬৪২২	তেজগাঁও কলেজ, ঢাকা
১৮.	৩৮০১	ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া	৪৮.	৬৪২৩	সরকারি তিতুমীর কলেজ, ঢাকা
১৯.	৩৯০১	চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর	৪৯.	৬৪২৫	শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা
২০.	৪০০১	লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর	৫০.	৬৪২৬	ইডেন মহিলা কলেজ, ঢাকা
২১.	৪১০১	ফেনি সরকারি কলেজ, ফেনি	৫১.	৬৪৩৫	কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা
২২.	৪২০১	নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী	৫২.	৬৪৩৯	আবুজর গিফারী কলেজ, ঢাকা
২৩.	৪৩০১	চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম	৫৩.	৬৪৪১	বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, ঢাকা
২৪.	৪৩০৫	হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম	৫৪.	৬৪৪৭	লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা
২৫.	৪৩০৬	চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম	৫৫.	৬৪৫৮	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা
২৬.	৪৬০১	রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি	৫৬.	৬৪৫৯	হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা
২৭.	৪৮০১	নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোণা	৫৭.	৬৪৮৬	আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা
২৮.	৪৯০১	গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ	৫৮.	৪৪০৭	কক্সবাজার সিটি কলেজ, কক্সবাজার
২৯.	৫০০১	সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর	৫৯.	৩১০১	নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী
৩০.	৫১০১	শেরপুর সরকারি কলেজ, শেরপুর			

১৩। সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল বলে গণ্য হবে।

১৪। আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা নেয়ার সময় সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ তা যাচাই করে নিবেন। কোনরকম জাল কাগজ/সনদ জমা নেয়া হলে ভবিষ্যতে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকেই বহন করতে হবে।

১৫। আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন রেজিস্ট্রেশন বাতিলসহ বিজ্ঞপ্তির যে কোন ধারা/নিয়মাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডীন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

সূত্র: ১৬(৬৯৫)জাতী:বি:/রেজি:/একা:/৩০৭০

তারিখ: /০৪/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. সকল বিভাগীয়/ দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, কম্পিউটার এন্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. পরিচালক, জনসংযোগ ও প্রকাশন, জাতীয় বিশ্ববিদ্যালয় (দৈনিক পত্রিকা ও টিভি চ্যানেলে প্রচারের অনুরোধসহ)
৪. অধ্যক্ষ,
৫. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, আইস চ্যাম্বেলর -এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (স্নাতকোত্তর শেষ পর্ব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যাম্বেলর (প্রশাসন)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যাম্বেলর (একাডেমিক)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সেকশন অফিসার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. অফিস কপি/নোটিশ বোর্ড।

উপ- রেজিস্ট্রার

অ্যাকাডেমিক (মাস্টার্স) শাখা

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।